



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: [www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd), E-mail: [chairmanbisesyl@gmail.com](mailto:chairmanbisesyl@gmail.com)

স্মারক নং : সিশিবো/প্রশা-১/২০২৪/৩৭৯


তারিখ : ০১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
১৫ মে ২০২৪ খ্রিস্টাব্দ

## জরুরী বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণ, শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী এবং অত্র শিক্ষা বোর্ডের প্রধান পরীক্ষক, পরীক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে মোবাইল ফোনের মাধ্যমে সিলেট শিক্ষা বোর্ডের কর্মকর্তা পরিচয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান (প্রধান শিক্ষক/অধ্যক্ষ), শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী এবং বোর্ডের প্রধান পরীক্ষক, পরীক্ষকগণের নিকট বোর্ডের বিভিন্ন সেবা প্রদানের অজুহাতে টাকা চাওয়া হচ্ছে অথবা তার ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্য অথবা বিকাশ/ উপায় ইত্যাদি একাউন্টের পিন চাওয়া হচ্ছে। উল্লেখ্য, অত্র শিক্ষা বোর্ডের সেবা প্রদানের ফি বাবদ টাকা একমাত্র সোনালী ব্যাংকের 'সোনালী সেবা' ছাড়া অন্য কোন মাধ্যমে গ্রহণ করা হয় না।

এমতাবস্থায়, শিক্ষা বোর্ডের কর্মকর্তা পরিচয় দিলেও বিকাশ, রকেট, উপায় বা অন্য কোন মাধ্যমে টাকা প্রদান বা একাউন্ট সংক্রান্ত কোন তথ্য বা পিন প্রদান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
১৫ মে ২০২৪  
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।